তারিখ 04 OCT 2016
পৃ. ৫ কলাম ২

## মদনে ২০ পরীক্ষার্থী বহিষ্কার

■ মদন (নেত্রকোনা) প্রতিনিধি

মদনে ডিগ্রি (পাস) পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে সোমবার ২০ পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। সোমবার মদন সরকারি হাজী আবদুল আজিজ খান ডিগ্রি কলেজ কেন্দ্রে ইসলামের ইতিহাস ও সংস্কৃতি পরীক্ষা চলাকালে ইউএনও মো. খুরশীদ শাহরিয়ার ২ পরীক্ষার্থীকে বহিষ্কার করেন। একই দিন আটপাড়া উপজেলার তেলিগাতী ডিগ্রি কলেজ কেন্দ্রে ১৮ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করেন আটপাড়া ইউএনও মুহাম্মদ আশরাফ হোসেন।

## বাকৃবিতে ভর্তি ফরমের বর্ধিত মূল্য বাতিলের দাবি

■ বাকৃবি প্রতিনিধি

ময়মনসিংহে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাকৃবি) স্নাতক শ্রেণিতে ভর্তি ফরমের বর্ধিত মূল্য বাতিল ও আবেদনকারী সকল শিক্ষার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়ার দাবি জানিয়েছে প্রগতিশীল ছাত্র জোট। সোমবার দুপুরে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ দাবি করেন নেতাকর্মীরা। এ সময় প্রগতিশীল ছাত্রজোটের রাফিকুজ্জামান ফরিদ, গৌতম কর, সৌরভ দাস প্রমুখ উপস্থিত ছিলেন। এ বছর স্নাতক শ্রেণির ভর্তি পরীক্ষায় ফরমের মূল্য ৬০০ থেকে ৭০০ টাকা করা হয়েছে। আবেদনকারীদের মধ্য হতে দশগুণ শিক্ষার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হবে।